**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/ ১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ**

**এস,আর,ও নং ১২০-আইন/২০২২/৬৮/কাস্টমস।**- Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, রেফ্রিজারেটর ও ফ্রিজার স্থানীয়ভাবে উৎপাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিম্নে বিধৃত-

(ক) উৎপাদনকারী ক্যাটাগরি-১ ভুক্ত প্রতিষ্ঠান কর্তৃক আমদানির ক্ষেত্রে:-

(i) TABLE-I এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপনীয় আমদানি শুল্ক যেই পরিমাণ মূল্যভিত্তিক ৫ (পাঁচ) শতাংশের অতিরিক্ত হয়, সেই পরিমাণ;

(ii) TABLE-II এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপনীয় আমদানি শুল্ক যেই পরিমাণ মূল্যভিত্তিক ১০ (দশ) শতাংশের অতিরিক্ত হয়, সেই পরিমাণ;

(খ) ভেন্ডর কর্তৃক আমদানির ক্ষেত্রে TABLE-I এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপণীয় আমদানি শুল্ক যেই পরিমাণ মূল্যভিত্তিক ৫ (পাঁচ) শতাংশের অতিরিক্ত হয়, সেই পরিমাণ; এবং

(গ) উৎপাদনকারী ক্যাটাগরি-২ ভুক্ত প্রতিষ্ঠান কর্তৃক আমদানির ক্ষেত্রে TABLE-II ও TABLE-III এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপণীয় আমদানি শুল্ক যেই পরিমাণ মূল্যভিত্তিক ১৫ (পনের) শতাংশের অতিরিক্ত হয়, সেই পরিমাণ;

এবং উপরের দফা (ক), (খ) ও (গ) এ উল্লিখিত আমদানির সকল ক্ষেত্রেই সমুদয় রেগুলেটরি ডিউটি ও সম্পূরক শুল্ক, যদি থাকে, এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:-

**TABLE-I**

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 28.11 | 2811.29.10 | Silica Gel |
| 29.02 | 2902.19.10 | Cyclopentane |
| 32.06 | 3206.19.20 | Mater Batch |
| 34.03 | 3403.99.90 | Anti Corrosion Preparation |
| 39.02 | 3902.10.00 | Polypropylene (PP) |
| | 3902.30.00 | Polypropylene Copolymer |
| 39.03 | 3903.19.00 | Polystyrene (GPPS) |
| | 3903.30.90 | Acrylonitrile-butadiene-styrene(ABS) copolymers |
| 39.04 | 3904.10.00 | Polyvinyl Chloride ( Resin PVC) |
| 39.07 | 3907.20.00 | Other polyethers |
| 39.09 | 3909.31.00 | Poly Methylene Phenyl Isocyanate (crude MDI, Polymeric MDI) |
| 39.17 | 3917.23.10 | PVC Shrinkable Tube |
| 39.20 | 3920.20.90 | Polymers of Propylene |
| 72.10 | 7210.61.10 | Flat-rolled products of iron or non-alloy steel plated or coated with aluminium-zinc alloys of a thickness of 0.25 mm or more |
| | 7210.70.10 | Flat-rolled products of iron or non-alloy steel painted, varnished or coated with plastics of a thickness of 0.3 mm or more |
| 72.12 | 7212.20.10 | Flat rolled products of iron or non-alloy steel electrolytically plated or coated with zinc |
| | 7212.40.99 | Flat rolled products of iron or non-alloy steel of a width of less than 600 mm painted, varnished or coated with plastics |
| | 7212.50.10 | Steel plate of a thickness of 0.25 mm to 0.50 mm |
| 74.11 | 7411.10.00 | Tubes and pipes of refined copper |
| 79.01 | 7901.20.00 | Zinc alloys |
| 84.14 | 8414.30.90 | Compressors of a kind used in refrigerating equipment |

**TABLE-II**

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 3403 | 3403.99.90 | Grease |
| 3506 | 3506.99.00 | Adhesive |
| 4016 | 4016.93.00 | Gaskets, washers and other seals |

| | | |
|---|---|---|
| | 4016.99.90 | Other articles of vulcanized rubber |
| 7210 | 7210.49.10 | Otherwise plated or coated with zinc other than corrugated of a thickness of 0.4 mm or more |
| | 7210.69.10 | Plated or coated with aluminium other than aluminium-zinc alloys of a thickness of 0.4 mm or more |
| 7304 | 7304.39.00 | Tubes, pipes and hollow profiles |
| 7307 | 7307.99.10 | Lock ring |
| 7318 | 7318.15.90 | Screws and Bolts |
| | 7318.16.00 | Nuts |
| | 7318.23.90 | Rivets |
| 7607 | 7607.20.99 | Aluminium foil |
| 8302 | 8302.10.00 | Hinges |
| 8418 | 8418.99.00 | Dryer |
| | 8418.99.00 | Evaporator for Freezer |
| | 8418.99.00 | Evaporator for Refrigerator |
| | 8418.99.00 | PCB Inverter |
| | 8418.99.00 | PCB Main |
| 8505 | 8505.19.00 | Electro Magnets |
| 8536 | 8531.20.00 | Indicator Panels Incorporating Liquid Crystal devices or LED |
| 8536 | 8536.50.00 | Switch |
| 8544 | 8544.42.00 | Power Cord |
| 9032 | 9032.10.00 | Temperature Sensor |
| 84.14 | 8414.30.20 | Compressors of a kind used in refrigerating equipment |

**TABLE-III**

| **Heading** | **H.S. Code** | **Description** |
|---|---|---|
| **(1)** | **(2)** | **(3)** |
| 84.15 | 8415.90.90 | Parts of Body Cabinet |
| | 8415.90.90 | Parts of Door |
| 40.16 | 4016.93.00 | Gasket |
| 84.14 | 8414.90.90 | Parts of Compressor |
| 84.18 | 8418.99.00 | Parts of Evaporator |
| 85.34 | 8534.00.00 | Printed Circuit Board (PCB) |
| 39.21 | 3921.11.00 | ABS (Acrylonitrile-butadiene-Styrene) sheet |
| 39.17 | 3917.23.10 | Shrinkable Tube |
| 90.32 | 9032.90.00 | Parts of Temperature Sensor (Thermostat) |

<u>শর্তসমূহ</u>

(১) (ক) আমদানিকারক প্রতিষ্ঠানকে অবশ্যই Industrial IRC holder VAT compliant রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনকারী প্রতিষ্ঠান অথবা ভেন্ডর হইতে হইবে।

**ব্যাখ্যা।-** এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে-

(অ) Industrial IRC holder VAT compliant রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনকারী প্রতিষ্ঠান বলিতে **''রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরি-১'' অথবা ''রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরি-২'' কে বুঝাইবে:**

(i) ''**রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরি-১**'' অর্থ মূল্য সংযোজন কর নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যাহারা স্থানীয়ভাবে সংগৃহীত বা আমদানিকৃত কাঁচামাল দ্বারা রেফ্রিজারেটর ও ফ্রিজার এর সকল অংশ নিজে প্রস্তুত করিয়া অথবা প্রধান অংশসমূহ ও এক বা একাধিক গুরুত্বপূর্ণ অংশ নিজে প্রস্তুত করিয়া এবং অবশিষ্ট অংশ বা অংশসমূহ স্থানীয় ভেন্ডর হইতে সংগ্রহ বা আমদানি করিয়া রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদন করে;

(ii) ''**রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরি-২**'' অর্থ মূল্য সংযোজন কর নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যাহারা স্থানীয়ভাবে সংগৃহীত বা আমদানিকৃত বা স্থানীয় ভেন্ডর হইতে সংগৃহীত ক্ষুদ্র অংশ বা অংশবিশেষ দ্বারা Body Cabinet এবং স্থানীয়ভাবে সংগৃহীত বা আমদানিকৃত বা স্থানীয় ভেন্ডর হইতে সংগৃহীত ক্ষুদ্র অংশ বা অংশবিশেষ দ্বারা দুই বা ততোধিক প্রধান অংশ (Body Cabinet ব্যতীত) বা গুরুত্বপূর্ণ অংশ সংযোজন করিয়া এবং অবশিষ্ট অংশসমূহ স্থানীয় ভেন্ডর হইতে সংগ্রহ করিয়া বা আমদানি করিয়া সংযোজন এর মাধ্যমে রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদন করে:

তবে শর্ত থাকে যে, যে সকল প্রতিষ্ঠান তৈরী Body Cabinet এবং অন্যান্য অংশসমূহ সম্পূর্ণ বিযুক্ত অবস্থায় রেফ্রিজারেটর ও ফ্রিজার আমদানি করিয়া স্থানীয়ভাবে সংযোজন করে তাহারা ইহার আওতাভুক্ত হইবে না;

(আ) **''ভেন্ডর''** অর্থ মূসক নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যাহারা স্থানীয়ভাবে সংগৃহীত অথবা আমদানিকৃত কাঁচামাল দ্বারা রেফ্রিজারেটর ও ফ্রিজার এর যন্ত্রাংশ প্রস্তুতপূর্বক রেফ্রিজারেটর ও ফ্রিজার

উৎপাদনকারী প্রতিষ্ঠানকে সুনির্দিষ্ট বিক্রয় চুক্তির আওতায় অথবা স্থানীয়ভাবে সরবরাহ করিয়া থাকে;

(ই) (i) **"প্রধান অংশ (Main Part)"** অর্থ Body Cabinet, Door ও Gasket।

(ii) **"গুরুত্বপূর্ণ অংশ"** অর্থ Compressor, Evaporator, Printed Circuit Board (PCB), ABS (Acrylonitrile-butadiene-Styrene) sheet, Shrinkable Tube ও Temperature Sensor (Thermostat)।

(খ) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সম্বলিত মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের অথবা প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক মূসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো দৈব-দুর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হয় তবে সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে:

তবে আরো শর্ত থাকে যে, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA), বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA), বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ অথবা আইন বলে প্রতিষ্ঠিত অন্য যে কোনো কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠান যাহাদের জন্য শিল্প ভোক্তা আইআরসি গ্রহণের বাধ্যবাধকতা নাই সেইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত আমদানি অনুমতিপত্র দাখিল করিতে হইবে।

(গ) এই প্রজ্ঞাপনের রেয়াতি সুবিধায় রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরি-১ TABLE-I ও TABLE-II এর অন্তর্ভূক্ত পণ্য এবং রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরি-২ TABLE-II ও TABLE-III এর অন্তর্ভুক্ত পণ্য এবং ভেন্ডরগণ TABLE-I এর পণ্য আমদানি করিতে পারিবেন।

(২) রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনকারী বা ভেন্ডর শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কারখানা স্থাপনের পর এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধায় কাঁচামাল বা যন্ত্রাংশ আমদানির অনুমোদনের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস নীতি) বরাবর আবেদন করিতে

হইবে, উক্ত আবেদন বিবেচনার ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড এর দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তা এবং শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধির সমন্বয়ে গঠিত কমিটি আবেদিত প্রতিষ্ঠান সরেজমিন যাচাইপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস নীতি) বরাবর **''পরিশিষ্ট-১''** অনুযায়ী একটি প্রতিবেদন দাখিল করিবেন এবং উক্ত প্রতিবেদন অনুযায়ী প্রতিষ্ঠানের শিল্প স্থাপন সংক্রান্ত কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হইলে আবেদনকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি হারে পণ্য আমদানির অনুমোদন প্রদান করা হইবে, উক্ত অনুমোদন পত্রের সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

(৩) রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনকারী অথবা ভেন্ডর কর্তৃক প্রতি একক রেফ্রিজারেটর ও ফ্রিজার বা রেফ্রিজারেটর ও ফ্রিজার এর যন্ত্র বা যন্ত্রাংশ উৎপাদনের জন্য সম্ভাব্য বা যৌক্তিক অপচয়সহ কী কী উপকরণ কী পরিমাণে আবশ্যক (উপকরণ-উৎপাদ সহগ) সে সম্পর্কিত তথ্য **''পরিশিষ্ট-২''** অনুযায়ী ৩ (তিন) কপি পণ্য আমদানির পূর্বেই সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট এর কমিশনার বরাবর দাখিল করিতে হইবে এবং কমিশনার উক্ত উপকরণ-উৎপাদ সহগ অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন এবং একটি কপি অফিসের রেকর্ড হিসাবে সংরক্ষণ করিবেন, দ্বিতীয় কপি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস নীতি) বরাবরে প্রেরণ করিবেন এবং অপর কপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে ফেরত দিবেন, **পরিশিষ্ট-২** এর সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

(৪) এই প্রজ্ঞাপনে উল্লিখিত যন্ত্রাংশ বা উপকরণ **''পরিশিষ্ট-২''** অনুযায়ী আমদানি করিয়া অনুমোদিত উপকরণ-উৎপাদ সহগ মোতাবেক রেফ্রিজারেটর ও ফ্রিজার বা উহার যন্ত্রাংশ উৎপাদন হইতেছে কিনা তাহা নিশ্চিত হওয়ার জন্য সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটের কমিশনার একজন যুগ্ম কমিশনার ও সংশ্লিষ্ট ভ্যাট বিভাগের বিভাগীয় কর্মকর্তার সমন্বয়ে একটি কমিটি গঠন করিবেন; গঠিত কমিটি প্রতি ৬ (ছয়) মাস অন্তর সরেজমিন পরিদর্শন করিয়া কমিশনারের নিকট প্রতিবেদন দাখিল করিবেন; দাখিলকৃত প্রতিবেদনের সাথে আমদানিকৃত পণ্যের ব্যবহারজনিত বা অন্য কোন অসঙ্গতি থাকিলে তাহা খালাসকারী কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনকে অবহিত করিতে হইবে; ভ্যাট কমিশনারেট হইতে প্রাপ্ত প্রতিবেদনের ভিত্তিতে কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন যথার্থতা যাচাই সাপেক্ষে পুন:শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।

(৫) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সম্বলিত মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের মূসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছেন মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোন দৈব-দূর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে।

(৬) (ক) আমদানি ও শুল্কায়ন সংক্রান্ত অন্যান্য বিষয়সহ দফা (১), (২), (৩), (৪) ও (৫) এর শর্ত পরিপালন করা হইয়াছে কিনা তাহা সংশ্লিষ্ট শুল্কায়নকারী কর্মকর্তা কর্তৃক যাচাই করিয়া নিশ্চিত হইতে হইবে এবং শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার পর্যায়ে শুল্কায়ন অনুমোদন করাইতে হইবে;

(খ) শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার শুল্কায়নে বিলম্ব পরিহারের লক্ষ্যে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেম বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইট বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইট হইতে মূসক নিবন্ধন সনদের (BIN) সঠিকতা যাচাই করিবেন।

(৭) কোন উৎপাদনকারী বা ভেন্ডর এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিলে এবং উক্ত লঙ্ঘনজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে কাস্টমস আইন ও মূল্য সংযোজন কর আইনের বিধান অনুযায়ী ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য আইনের বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২। এই প্রজ্ঞাপন ৯ জুন, ২০২২ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**পরিশিষ্ট-১**
**[শর্ত ২ দ্রষ্টব্য]**
**কারখানা পরিদর্শন প্রতিবেদন**

আমরা নিম্নস্বাক্ষরকারীগণ বিগত ------------খ্রি তারিখ-------------------- নামীয় রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনকারী/রেফ্রিজারেটর ও ফ্রিজার এর পার্টস উৎপাদনকারী শিল্প কারখানা সরেজমিনে পরিদর্শন করি। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ, যথা:-

১। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :
২। মূসক নিবন্ধন নম্বর (BIN) :
৩। মালিক/স্বত্বাধিকারীর নাম ও ঠিকানা (বর্তমান/স্থায়ী) :
৪। আয়কর সনদ নম্বর (TIN) :
৫। জমি ও ভবনের বিবরণ :
(ক) জমি ও ভবন নিজস্ব কিনা :
(খ) মোট জমির পরিমাণ :
(গ) কারখানা ভবনের (ওয়্যারহাউসসহ) আয়তন :
(ঘ) কারখানা ভবনের প্রকৃতি : (পাকা/সেমি পাকা/অন্যান্য) :

(ঙ) অফিস ভবনের আয়তন :

(চ) বিদ্যুৎ সংযোগ আছে কিনা :

৬। কারখানা ভবন ভাড়া হইলে ভাড়া চুক্তির কপি:

৭। স্থাপিত যন্ত্রপাতির বিবরণ :

৮। স্থাপিত যন্ত্রপাতি দ্বারা উৎপাদনযোগ্য পণ্যের বিবরণ :

৯। উৎপাদনযোগ্য পণ্যের উপকরণ-উৎপাদ সহগ সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটে দাখিল ও অনুমোদন করা হইয়াছে কিনা :

উপর্যুক্ত তথ্যাদি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, বর্ণিত প্রতিষ্ঠানটি স্থানীয়ভাবে রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনকারী/রেফ্রিজারেটর ও ফ্রিজার এর পার্টস উৎপাদনের লক্ষ্যে প্রাথমিক প্রস্তুতি সম্পন্ন করিয়াছে। প্রতিষ্ঠানটিকে প্রজ্ঞাপন এস,আর,ও নং **১২০-আইন/২০২২/৬৮/কাস্টমস** তারিখ: **১ জুন, ২০২২** খ্রিঃ এর আওতায় প্রজ্ঞাপনে উল্লিখিত পণ্য/যন্ত্রাংশ/উপকরণ রেয়াতি সুবিধায় আমদানির অনুমোদন প্রদানের সুপারিশ করা হইল এবং প্রতিষ্ঠানটিকে এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরি-১/রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরি-২/ভেন্ডর হিসাবে তালিকাভুক্ত করা হইল।

| সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তার নাম ও স্বাক্ষর | শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধির নাম ও স্বাক্ষর | জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধির নাম ও স্বাক্ষর |
|---|---|---|
| তারিখ: | তারিখ: | তারিখ: |

**পরিশিষ্ট-২**

**[শর্ত ৩ ও ৪ দ্রষ্টব্য]**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।**

রেফ্রিজারেটর ও ফ্রিজার অথবা রেফ্রিজারেটর ও ফ্রিজার এর যন্ত্রাংশ তৈরীর উপকরণ/কাঁচামাল সম্পর্কিত ঘোষণা:

১। প্রতিষ্ঠানের নাম:

২। ঠিকানা:

৩। মূসক নিবন্ধন নম্বর:

| **ক্রঃ নং** | **পণ্যের নাম ও** H.S. Code | **একক** | **পণ্য উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল বা উপকরণ এর নাম** (H.S. Code সহ) | **অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)** | **অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)** | **অপচয়ের শতকরা হার** |
|---|---|---|---|---|---|---|

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারের প্রতিস্বাক্ষর

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের
স্বাক্ষর ও তারিখ

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**